

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা

শিল্প মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণের নিমিত্ত গঠিত কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনেন্দ্র নাথ সরকার
অতিরিক্ত সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়
সভার তারিখ : ২৯/১২/২০২২
সময় : বিকাল ০২.৩০ টা
সভার স্থান : শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩০৬)।

সভায় উপস্থিতির তালিকা- পরিশিষ্ট-ক

২। আলোচনা:

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ বিষয়ক কার্যক্রম উপস্থাপনের জন্য জনাব উপসচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয়কে অনুরোধ জানান। উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, শিল্প মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য গঠিত কমিটি পুনঃগঠন করা হয়েছে।

২.২ সভাপতি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহ হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতিতে সেবা প্রদানকারী কর্মকর্তার নাম, মোবাইল নম্বর, টেলিফোন নম্বর এবং ই-মেইল নম্বর অন্তর্ভুক্ত করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে দেয়া হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে নির্ধারিত ছকে তথ্য কমিটির নিকট প্রেরণ করলে উক্ত কমিটি কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবে।

২.৩ মন্ত্রণালয় কর্তৃক দপ্তর/সংস্থাকে সেবা প্রদানের ক্ষেত্রে প্রকল্পে ডিপিপি প্রণয়নসহ দপ্তর/সংস্থার প্রস্তাবসমূহ ভালভাবে পর্যবেক্ষণপূর্বক প্রয়োজন সংশোধন, সংযোজনসহ সে গুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে কার্যকর ভূমিকা রাখার জন্য সভাপতি উপস্থিত সকলকে অনুরোধ করেন। এছাড়া, উচ্চ শিক্ষা/লিয়েনের ক্ষেত্রে আইন/বিধিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।


০৩। মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করতে হবে।

(খ) মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে দেয়া হচ্ছে কিনা তা সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে প্রতি ০৩ (তিন) মাস পর পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে নিম্নবর্ণিত ছকে তথ্য সংগ্রহ করতে হবে:

শাখার নাম	সেবার নাম	মোট আবেদন/পত্রের সংখ্যা	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ে নিষ্পত্তির সংখ্যা	সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ে নিষ্পত্তি না করার সংখ্যা	অনিষ্পন্ন আবেদন/পত্রের সংখ্যা	অনিষ্পন্নের কারণ/মন্তব্য
-----------	-----------	-------------------------	--	---	-------------------------------	--------------------------

০৪। আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জনেন্দ্র নাথ সরকার)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
শিল্প মন্ত্রণালয়